**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

স্মারক নম্বর : ৪৬.০০.০০০০.০০০.০৪২.১৪.০১৬০.২৬.১৫২

তারিখ: ২০ মাঘ ১৪৩২ / ০৩ ফেব্রুয়ারি ২০২৬

**বিষয় : আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট-২০২৬ উপলক্ষ্যে নরসিংদী জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ২৩৩.৫৯৪ লক্ষ (দুই কোটি তেত্রিশ লক্ষ উনষাট হাজার চারশত) টাকা প্রাক্কলিত ব্যয়ে ২৯টি প্রকল্প-এর তথ্যাদি প্রেরণ।**

সূত্র : স্মারক নম্বর : ০৫.৩০.৬৮০০.১০৯.০৪.০৪৭.১৬-১৯; তারিখ : ২২-০১-২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট-২০২৬ উপলক্ষে নরসিংদী জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ২৩৩.৫৯৪ লক্ষ (দুই কোটি তেত্রিশ লক্ষ উনষাট হাজার চারশত) টাকা প্রাক্কলিত ব্যয়ে ২৯টি প্রকল্পের বিষয়ে নিম্নবর্ণিত ছকে চাহিত তথ্যাদিসহ স্বয়ংসম্পূর্ণ প্রকল্প প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

| | |
|---|---|
| (ক) | প্রস্তাবিত প্রকল্পসমূহ কোন্ অর্থবছরের রাজস্ব তহবিলের অর্থায়নে বাস্তবায়ন করা হবে তা উল্লেখ করা হয়নি। তাই অর্থবছর উল্লেখপূর্বক পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণ; |
| (খ) | জেলা পরিষদের ২১-১২-২০২৫ খ্রি. তারিখের সভার কার্যবিবরণীতে কোন্ প্রকল্পসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়েছে তা সভার **কার্যবিবরণীতে/সংযুক্তি আকারে** উল্লেখ নেই। এছাড়া প্রাক্কলিত মোট ব্যয়ের পরিমাণও সভার কার্যবিবরণীতে উল্লেখ নেই। |
| (গ) | জেলা পরিষদ সভায় প্রকল্পসমূহ কোন্ পদ্ধতি অবলম্বনে বাস্তবায়ন করা হবে সে সংক্রান্ত কোনো সিদ্ধান্ত উল্লেখ নেই; |
| (ঘ) | পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০২৫ অনুযায়ী চলতি অর্থবছরে DPM পদ্ধতিতে কতটি প্রকল্প এবং কত টাকার প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে সে সংক্রান্ত কোনো তথ্যাদি প্রস্তাবের সাথে সংযুক্ত নেই। |
| (ঙ) | প্রস্তাবিত প্রকল্পের ক্রমিক-১ ও ২৩, ২৬, ২৯ এ বর্ণিত প্রকল্পটি উপজেলা পরিষদের স্থাপনা মেরামত সংক্রান্ত। সংশ্লিষ্ট স্থাপনা সংস্কার/উন্নয়ন উপজেলা পরিষদের নিজস্ব খাত হতে হওয়া সমীচীন। ফলে জেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে প্রকল্পসমূহ বাস্তবায়নের সুযোগ নেই। |
| (চ) | প্রস্তাবিত প্রকল্পের ক্রমিক ২-১১ এ বর্ণিত প্রকল্পসমূহ আর্মি ক্যাম্প সংক্রান্ত। উক্ত স্থাপনাসমূহের মালিকানা কোন্ দপ্তর সংস্থার সে সংক্রান্ত তথ্য স্পষ্ট নয়। জেলা পরিষদের অর্থায়নে অন্য প্রতিষ্ঠানের মালিকানাধীন প্রকল্প বাস্তবায়নের সুযোগ নেই। |
| (ছ) | প্রস্তাবিত প্রকল্পের ক্রমিক-১২-১৪, ২১-২২, ২৪-২৬ জেলা পরিষদের অডিটোরিয়াম/ডাকবাংলো মেরামত সংক্রান্ত। পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০২৫ অনুযায়ী উক্ত প্রকল্পসমূহ ডিপিএম পদ্ধতিতে বাস্তবায়নের সুযোগ রয়েছে কি না? ডিপিএম পদ্ধতিতে চলতি অর্থবছরে বর্ণিত প্রকল্পের ন্যায় কতটি প্রকল্প এবং কত টাকার প্রকল্প বাস্তবায়ন করা হয়ছে তা জানা প্রয়োজন। |

০৩/০২/২০২৬

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email: lgzp@lgd.gov.bd

বিতরণ:
১. প্রশাসক, জেলা পরিষদ, নরসিংদী;
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নরসিংদী।

স্মারক নম্বর : ৪৬.০০.০০০০.০০০.০৪২.১৪.০১৬০.২৬.১৫২/১(৫)

তারিখ: ২০ মাঘ ১৪৩২ / ০৩ ফেব্রুয়ারি ২০২৬

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]; এবং
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

০৩/০২/২০২৬

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব

com-3/D/2015-2016/Document/Dhaka/Norshindi/Letter Rev-1